বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০- ৯৭৩

তারিখঃ ১৪ ভাদ্র ১৪৩১ / ২৯ আগস্ট ২০২৪

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ নওয়াবুল ইসলাম, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, নোয়াখালী (প্রাক্তন সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া) ২০১৮ সনে কুষ্টিয়ায় রিভাইজিং অথরিটি'র দায়িত্ব পালনকালে অন্যের নাম ধারণ ও জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকায় অন্তর্ভূক্তির কতিপয় আবেদন যাচাই-বাছাই ছাড়াই অনুমোদন করেন মর্মে তার বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়; প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০২১ রুজু করে তাকে ২৬-০১-২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০-১৯ নং স্মারকের মাধ্যমে কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন;

যেহেতু, একই অভিযোগে তার বিরুদ্ধে জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০, ভোটার তালিকা আইন, ২০০৯, ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ ও The Penal Code, 1860 অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া কর্তৃক কুষ্টিয়া মডেল থানায় ০৪-০৩-২০২১ তারিখে মামলা নং-০৮ রুজু করা হয়। বিগত ১৪-০৩-২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০-৭০ নং প্রজ্ঞাপন মূলে তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলাসহ সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৬৬৮/২০২১ দায়ের করলে মাননীয় হাইকোর্ট বিভাগ বিগত ০৮-১১-২০২১ তারিখের আদেশ প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে বিভাগীয় মামলা নং-০২/২০২১ নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন; আদেশের কপি ১০-০১-২০২২ তারিখে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রাপ্ত হয়ে বিভাগীয় মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে বিগত ০৮-০২-২০২২ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে ও কারণ দর্শানোর জবাবে তিনি অভিযোগ অস্বীকার করলেও সার্বিক বিবেচনায় 'অসদাচরণ' এর দায় প্রতীয়মান হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী তার বেতন ০২(দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপ" ৪৩,০০০/-(তেতাল্লিশ হাজার) টাকায় অবনমিত করে এবং সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে বিগত ১৩-০৪-২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০-১৫৬ নং স্মারক মূলে দন্ডাদেশ জারি করা হয়;

যেহেতু, তিনি দন্ডাদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি আপিল আবেদন না-মঞ্জুর করেন;

যেহেতু, তিনি আরোপিত দন্ডাদেশের বিরুদ্ধে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়-কে প্রতিপক্ষ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় মামলা নং-৪৪৭/২০২২ দায়ের করলে বিগত ২২-১১-২০২৩ তারিখে উক্ত মামলায় আদেশ হয় যে, "Accordingly, the impugned order dated 13-04-2022 passed by the opposite party imposing of penalty of reduction of salary to the lower stage in scale for 2 years is hereby declared illegal, void and is of no legal effect upon the petitioner and set aside. The opposite party is directed to fix petitioners salary to the original stage in salary scale as per his entitlement and pay all the arrear financial benefits preferably within 90 days from receipt of the copy of this judgement."

যেহেতু, বিভাগীয় মামলা নং-০২/২০২১ এর দণ্ডাদেশ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক বাতিল করা হয়; উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে মামলা দায়ের করার যৌক্তিকতা নেই মর্মে আইন অনুবিভাগ মতামত প্রদান করেছেন;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল আদেশ ও আইন অনুবিভাগের মতামতের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ নওয়াবুল ইসলাম, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, নোয়াখালী (প্রাক্তন সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া)-কে বিভাগীয় মামলা নং-০২/২০২১ এ আনীত 'অসদাচরণ' এর অভিযোগে প্রদত্ত লঘুদন্ডের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের আদেশ ও বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শফিউল আজিম
সচিব

(চলমান পাতা-২)

রেজিস্টার্ড

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০- ১৭৩

তারিখঃ ১৪ভাদ্র ১৪৩১ / ২৯ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্ম-সচিব..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। জনাব মোঃ নওয়াবুল ইসলাম, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, নোয়াখালী (প্রাক্তন সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া)
০৯। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নোয়াখালী
২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ]

জারীকৃত
৭০০৪
০২/০৯/২৪

২৯.০৮.২৪
মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd